

3 (Sem-6/CBCS) BEN HC 2

2022

BENGALI

Paper : BEN-HC-6026

(Honours Core)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) :
১×১০=১০

- (ক) 'নব্য ধ্রুপদী' যুগের একজন ইংরেজ কবির নাম লেখো।
- (খ) 'আর্স পোয়েটিকা' গ্রন্থের রচয়িতার নাম কী?
- (গ) প্লেটোর একখানা সমালোচনামূলক গ্রন্থের নাম লেখো।
- (ঘ) "A great poet is both Classic and Romantic." মন্তব্যটি কার?
- (ঙ) ওয়ার্ডসওয়ার্থ ও কোলরিজের কাব্য সংকলন 'লিরিক্যাল ব্যালাড্‌স্'-এর প্রকাশকাল হল— ১৭৭৯ খ্রিস্টাব্দ/
১৭৮৯ খ্রিস্টাব্দ / ১৭৯৮ খ্রিস্টাব্দ।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(চ) 'সুরিয়ালিজম'-এর বীজ লুকিয়েছিল— ক্লাসিসিজমে/
ডাডাইজমে/কিউবিজমে।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ছ) 'Surrealiste' শব্দটি প্রথমে কে ব্যবহার করেন ?

(জ) *A Doll's House*-এর প্রণেতা কে ?

(ঝ) 'রিয়েলিজম' শব্দটি প্রথম ব্যবহৃত হয়—ফ্রান্সে/ইংল্যান্ডে/
জার্মানিতে।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ঞ) রাশিয়ার একজন বাস্তববাদী লেখকের নাম লেখো।

(ট) লঞ্জাইনাস রচিত একটি গ্রন্থের নাম লেখো।

(ঠ) দান্তে রচিত মহাকাব্যটির নাম কী ?

(ড) ড্রাইডেন কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেছিলেন ?

(ঢ) ক্রোচে হলেন—ইংরেজ সমালোচক / ফরাসী
সমালোচক / জার্মান সমালোচক / ইতালীয় সমালোচক।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ণ) ইতালীর একজন মহিলা কবির নাম লেখো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

(ক) *Gulliver's Travels* গ্রন্থটির রচয়িতার নাম কী ?
গ্রন্থটির প্রকাশকাল কত ?

(খ) রোমান্টিক আন্দোলনের সঙ্গে জড়িত দুজন জার্মান
লেখকের নাম লেখো।

(গ) 'Sturm und Drang' আন্দোলনের দুজন
মুখপাত্রের নাম লেখো।

(ঘ) পরাবাস্তববাদ নিয়ে লেখা কবি আঁদ্রে ব্রঁত-এর গ্রন্থটির
নাম ও প্রকাশকাল উল্লেখ করো।

(ঙ) ফ্রেড মানবমনের যে তিনটি স্তরের কথা বলেছিলেন
তার যে কোনো দুটি স্তরের নাম লেখো।

(চ) বাস্তববাদী সাহিত্যাদর্শের উদাহরণ হিসেবে দুটি
উল্লেখযোগ্য ইংরেজি গ্রন্থের নাম লেখো।

(ছ) *Essay on Dramatic Poesy* গ্রন্থের রচয়িতার
নাম ও প্রকাশকাল লেখো।

(জ) সাহিত্যের স্বরূপ সম্বন্ধে লঞ্জাইনাস যে পাঁচটি সিদ্ধান্তে
এসে পৌঁছেছেন তার যে কোনো দুটি সিদ্ধান্তের উল্লেখ
করো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) 'Neo-Classical' যুগ সম্পর্কে লেখো।

(খ) 'Classicist in literature' বলতে এলিয়ট কী
বোঝাতে চেয়েছেন ?

(গ) টীকা লেখো : 'Imagination' (কল্পনাশক্তি)

(4)

- (ঘ) চিত্রকলার ক্ষেত্রে পরাবাস্তববাদ-এর ভূমিকা নিয়ে আলোচনা করো।
- (ঙ) ড্রাইডেন-এর সাহিত্যতত্ত্ব আলোচনা করো।
- (চ) বাস্তববাদের যে কোনো পাঁচটি লক্ষণ তালিকাবদ্ধ করো।
- (ছ) টীকা লেখো : ক্রোচে
- (জ) সাহিত্যতত্ত্ব সম্পর্কে লঞ্জাইনাসের বক্তব্য নিজের ভাষায় লেখো।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৪ = ৪০$

- (ক) উদাহরণসহ ক্লাসিসিজমের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- (খ) পরাবাস্তববাদ গড়ে ওঠার ক্ষেত্রে ফ্রয়েডের ভূমিকা সম্পর্কে যথাযথ আলোচনা করো।
- (গ) পাশ্চাত্য সাহিত্যে রোমান্টিক আন্দোলন কীভাবে গড়ে উঠেছিল সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (ঘ) সাহিত্যতাত্ত্বিক দাস্তের পরিচয় দাও।
- (ঙ) রোমান্টিসিজমের স্বরূপ সম্পর্কে যথাযথ আলোচনা করো।
- (চ) শক্তি চট্টোপাধ্যায়ের 'জরাসন্ধ' এবং জীবনানন্দের 'ঘোড়া' ও 'হরিণেরা' কবিতায় পরাবাস্তবতার চিত্র কীভাবে ফুটে উঠেছে, আলোচনা করো।

(5)

- (ছ) ইউরোপীয় সাহিত্য জগতে বাস্তববাদ (realism) কীভাবে প্রতিষ্ঠা লাভ করে, আলোচনা করো।
- (জ) সাহিত্য বিচারের ক্ষেত্রে তুলনামূলক সমালোচনা পদ্ধতির গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।
- (ঝ) ঐতিহাসিক সমালোচনা পদ্ধতির নানা বিষয়গুলি আলোচনা করো।
- (ঞ) সাহিত্য সমালোচনার ক্ষেত্রে প্লেটোর অভিমতগুলি পর্যালোচনা করো।
